

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা- ১২১৬।  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.২৯৫.২০১৮- ২৪০২(২)

তারিখঃ

৪ পৌষ, ১৪২৫।  
২ ডিসেম্বর, ২০১৮।

বিষয়ঃ রীট পিটিশন নং ১০৭৮৮/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

সূত্র: ১। স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.২৯৫.২০১৮-১১০৯ তারিখ: ১৮/১০/২০১৮

২। স্মারক নং- জেপ্রাশিঅ/রাজ/রীট পিটিশন/২০১৮/২০৮৫/৩ তারিখ: ২৮/১১/২০১৮


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মজিবুর রহমান, সহকারি শিক্ষক, বাউল বেসরকারি প্রাথমিক বিদ্যালয় (বর্তমানে জাতীয়করনকৃত), নাচোল, চাঁপাইনবাবগঞ্জসহ রাজশাহী জেলার মোট ১৩ (তের) জন সহকারি শিক্ষক হিসেবে যোগদান করেন। জাতীয়করনের সময় তাঁদেরকে সহকারি শিক্ষক হিসেবে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হয়। বর্ণিত শিক্ষকগণ প্রধান শিক্ষক হিসেবে জাতীয়করনের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১০৭৮৮/২০১৮ দায়ের করেছেন।

২। বর্ণিত অবস্থায়, সূত্রোক্ত স্মারক ও তারিখে রীট পিটিশন নং ১০৭৮৮/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণের জন্য তাঁকে পত্র প্রেরণ করা হয়েছিল। তিনি সূত্রোক্ত স্মারক ও তারিখে অগ্রায়ন পত্রে রীট পিটিশন নং ১০৭৮৮/২০১৮ এর জবাব ও রেকর্ডপত্র প্রেরণের কথা উল্লেখ করেছেন। কিন্তু অগ্রায়ন পত্রের সাথে ওকালতনামা, ক্ষমতাপর্শন ও রুলের ফটোকপি দিয়েছেন। মূল ওকালতনামা ও ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান করে প্রেরণ করতে হবে।

৩। এমতাবস্থায়, রীট পিটিশন নং ১০৭৮৮/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১০৭৮৮/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, ০৩ (তিন) প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), ০৩ (তিন) প্রস্থ।
- (৩) আদেশের সার্টিফাইড কপি।
- (৪) ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৬) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, ০৩ (তিন) প্রস্থ।
- (৭) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)  
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
চাঁপাইনবাবগঞ্জ/রাজশাহী।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.২৯৫.২০১৮- ২৪০২(২)/২


তারিখঃ

৪ পৌষ, ১৪২৫।  
২ ডিসেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।

  
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)  
সহঃ পরিচালক (আইন)।